



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০-১৩২৫

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯
১৬ অক্টোবর ২০২২

বিষয়: আগামী ১৮ অক্টোবর ২০২২ তারিখে সারাদেশে স্থাপিত 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' ও 'শেখ রাসেল স্কুল অব ফিউচার' শূভ উদ্বোধন অনুষ্ঠান সম্প্রচার।

সূত্র: প্রকল্প দপ্তরের বিগত ১১ অক্টোবর ২০২২ তারিখের ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০.১৩০৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)-এর আওতায় সারাদেশের ৫০০০টি শিক্ষা প্রতিষ্ঠানে ১৭টি উন্নতমানের ল্যাপটপ, প্রয়োজনীয় আসবাবপত্র ও ইন্টারনেট কানেক্টিভিটির সমন্বয়ে ৫০০০টি "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপন করা হয়েছে। এছাড়া সৃজনশীল ও উদ্ভাবনী চিন্তাশক্তি সমৃদ্ধ শিক্ষা-ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে পরিবর্তিত শিক্ষা বিজ্ঞান, ভবিষ্যৎ শিক্ষার পরিবেশ উন্নয়ন, মৌলিক চিন্তা ও সমস্যা সমাধানের বিষয়ে দক্ষতা উন্নয়ন এবং আধুনিক প্রযুক্তির সমন্বয়ে সারাদেশের প্রতিটি সংসদীয় আসনে ০১টি করে মোট ৩০০টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল স্কুল অব ফিউচার" স্থাপন করা হয়েছে।


০২। আগামী ১৮ অক্টোবর ২০২২ তারিখে জাতীয়ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে "শেখ রাসেল, নির্মলতার প্রতীক, দুরন্ত প্রাণবন্ত নির্ভীক" প্রতিপাদ্যে শেখ রাসেল দিবস পালন/উদ্‌যাপন করা হবে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি প্রধান অতিথি হিসেবে সদয় উপস্থিত থেকে সারাদেশের ৫০০০টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" এবং ৩০০টি "শেখ রাসেল স্কুল অব ফিউচার" শূভ উদ্বোধন করার বিষয়ে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানটি অনলাইনে নিম্নের লিংকগুলোতে এবং বাংলাদেশ টেলিভিশনে সরাসরি সম্প্রচারিত হবে:

<https://www.facebook.com/zapalak>

<https://www.facebook.com/ictdivisionbd>

<https://www.facebook.com/Department.of.ICT>

০৩। এমতাবস্থায়, সারাদেশে স্থাপিত প্রতিটি "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" এবং "শেখ রাসেল স্কুল অব ফিউচার" এর শূভ উদ্বোধনী অনুষ্ঠানটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব থেকে উল্লিখিত লিংকগুলোতে সংযোগ স্থাপন করে সরাসরি সম্প্রচার এবং ল্যাব কক্ষে উপস্থিত থেকে মূল অনুষ্ঠানটি উপভোগ করার জন্য অনুরোধ করা হলো।



মোঃ রেজাউল মাকছুদ জাহেদী

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প
(২য় পর্যায়)

ফোনঃ +৮৮০ ২৪১ ০২৪০৭৩

ই-মেইল: pdsrdl@doict.gov.bd

বিতরণ :

- ১) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়।
- ২) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়।
- ৩) শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের
অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট/প্রতিষ্ঠান প্রধান (সকল)।

অনুলিপি সদয় অবগতি জন্য (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১) জেলা প্রশাসক (সকল)।
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) জেলা শিক্ষা অফিসার সকল (সকল)।
- ৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৯) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আইসিটি অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০) অফিস কপি।